চুক্তির শর্তাবলী :

১। অপর পৃষ্ঠায় নির্দেশনামার নীচের দিকে বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক অথবা বাংাদেশ বেতারের অনুমোদিত অপর কোন কর্মকর্তা কর্তৃক এই নির্দেশনামা লিখিতভাবে গৃহীত না হওয়া পর্যন্ত তা কোনক্রমেই বাংলাদেশ বেতারের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

২। অপর পৃষ্ঠায় নির্দেশনামার গ্রহণপূর্ব বাংলাদেশ বেতারের বাণিজ্যিক কার্যক্রম ঢাকা কেন্দ্রের পরিচালকের/সহকারী পরিচালকের অফিসে অনুষ্ঠিত হয়েছে বলে গণ্য হবে।

৩। এটি বিজ্ঞাপনদাতার একান্তভবে ব্যক্তিগত চুক্তি এবং বিজ্ঞাপনদাতার নিজের উৎপাদিত পণ্য সামগ্রী বা এতদসঙ্গে কার্যাবলী বিজ্ঞাপিত করার কাজে ছাড়া এই চক্তি অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না কিংবা কারো নিকট অর্পণ বা সাময়িকভাবে হস্তান্তর করা যাবে না।

৪। বিজ্ঞাপনদাতার পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তি অথবা স্বাক্ষরদানে উদ্যোগী ব্যক্তি যিনিই হোন না কেন তিনি বিজ্ঞাপনদাতার প্রতিনিধিস্বরূপ কাজ করছেন এবং বিজ্ঞাপনদাতাকে এই নির্দেশনামার শর্তাবলী মেনে চলানোর ব্যাপারে তার সম্পূর্ণ ক্ষমতা রয়েছে বলে ধরে নেওয়া হচ্ছে এবং তার এই প্রতিনিধিত্ব ও ক্ষমার উপর আস্থা রেখেই বাংলাদেশ বেতার এই নির্দেশনামা গ্রহণ করছেন।

৫। এই চুক্তির মেয়াদকালের মধ্যে প্রস্তাবিত বা নির্ধারিত সময়ের ব্যবহার কার্যকর হবে।

৬। যে কোন ক্রিপ্ট, ঘোষণা বা অনুষ্ঠান কার্যক্রম নির্বাচন, সম্পাদন এবং/অথবা সংশোধন করার অধিকার বাংলাদেশ বেতার কর্তৃক সংরক্ষিত থাকবে।

৭। ঘোষণা ও অনুষ্ঠান কার্যক্রমের বিষয় বা মূলবচন (কণ্ঠদাতার ব্যক্তিগত উপস্থিতিতে সরাসরি সম্প্রচার বা রেকর্ডকৃত সম্প্রচার যাই হোক না কেন) সর্বদাই বাণিজ্যিক কার্যক্রমের পরিচালকের/সহকারী পরিচালকের অনুমোদন সাপেক্ষ। তিনি কোন রকম কারণ প্রদর্শন না করেই নিজ বিবেচনার কোন ঘোষণা বা অনুষ্ঠান কার্যক্রম সম্প্রচার বা পুনঃসম্প্রচারে অসম্মতি প্রকাশ করতে পারেন এবং এরূপ অসম্মতি কোন উদ্‌ভুত দায়-দায়িত্বও তাকে স্বীকার করতে হবে না।

৮। সব ক্রিপ্ট অনবচ্ছেদ (Continuity) রেকর্ডকৃত বাণিজ্যিক ঘোষণা বা রেকর্ডকৃত কার্যক্রম সম্প্রচারে জন্যে নির্ধারিত সময়ে কমপক্ষে পূর্ণ দশ দিন পূর্বে বাণিজ্যিক কার্যক্রমের পরিচালকের/সহকারী পরিচালকের কাছে পৌঁছাতে হবে। পূর্বোক্ত ঘোষণা বা কার্যক্রম বা সম্প্রচারিতব্য বিষয়বস্তুর অনুমোদিত প্রতিলিপি যদি বিজ্ঞাপনদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছেয়ে দিতে অপারগ হন তবে বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক/সহকারী পরিচালক তাঁর বিবেচনার সম্প্রচার উপযোগী পূর্বের এমন কোন প্রতিলিপি বা অনুষ্ঠান কার্যক্রম সম্প্রচার করতে পারবেন এবং পরিচালক/সহকারী পরিচালক কর্তৃক এ ধরনের সম্প্রচার এই চুক্তি স্বপক্ষে বৈধ বলে বিবেচিত হবে।

৯। সাময়িক স্থানচ্যুতি বা বর্জনের কারণে এই নির্দেশনামা বাতিল বা অসিদ্ধ হবে না।

১০। বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক/সহকারী পরিচালক ঘোষণা বা অনুষ্ঠান কার্যক্রমের সময় পরিবর্তন এবং প্রয়োজন মনে করলে বিকল্প সময় নির্দিষ্ট করার ক্ষমতা রাখেন। অবশ্য, যখনই সম্ভব হবে বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক/সহকারী পরিচালক এরূপ পরিবর্তনের কথা বিজ্ঞাপনদাতাকে অবহিত করবেন।

১১। কোন দূর্ঘটনা, যন্ত্রপাতির গোলযোগ, বিদ্যুৎ সরবরাহ বন্ধ, ঘোষক ও উপস্থাপনা অফিসার বা যন্ত্র নিয়ন্ত্রণকারীর আকস্মিক ভুল অথবা কোন উপযুক্ত কর্তৃপক্ষের হস্তক্ষেপ অথবা বাণিজ্যিক কার্যক্রমের পরিচালকের/সহকারী পরিচালক নিয়ন্ত্রণ ক্ষমতার বাইরে এবং বিধ বা অন্যবিধ কোন কারণের ফলে যদি কোন ঘোষণা বা অনুষ্ঠান কার্যক্রম সম্প্রচার করা সম্ভব না হয় এবং অবশ্য ঘোষণা বা অনুষ্ঠান কার্যক্রমের সময় বা মেয়াদ যথাযথ না হয় বা তাতে সামান্য অসংগতি দেখা দেয় তবে সেজন্য বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক/সহকারী পরিচালক কোনক্রমেই দায়ী থাকবেন না।

১২। বিজ্ঞাপনদাতার পক্ষে সম্প্রচারিত কোন বিষয়ের দরুন বাংলাদেশ বেতারের যদি কোন রকম মামলা-মোকদ্দমা, দাবি হানি এবং/অথবা ক্ষতির সম্মুখীন হতে হয় তবে বিজ্ঞাপনদাতা বাংলাদেশ বেতারকে ক্ষতিপূরণ দিবেন এবং থেকে নিরাপদ রাখবেন।

১৩। এই চুক্তিতে নির্ধারিত ঘোষণা বা কার্যক্রমের এতে উল্লেখিত দিন, তারিখ ও সময় অথবা শর্ত ও নিয়মাবলী অনুসারে সম্প্রচার করা হয়েছে এই মর্মে বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক অথবা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র আপাতদৃষ্টিতে এই কথাই প্রমাণ করবে যে, নির্ধারিত ঘোষণা বা কার্যক্রম সম্প্রচারিত হয়েছে।

১৪। বিজ্ঞাপনদাতা কর্তৃক এই চুক্তির শর্ত ও নিয়মাবলী ভঙ্গের ফলে বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক/সহকারী পরিচালক যে ক্ষতি বা অসুবিধার সম্মুখীন হবেন তা থেকে তিনি অব্যাহতি না দিয়ে উক্ত পরিচালক/সহকারী পরিচালক ইচ্ছে করলে এই চুক্তি বাতিল বা বিলম্বিত করতে পারবেন এবং এই অবস্থা গ্রহণের জন্যে তার কোন রকম দায় থাকবে না।

১৫। এই চুক্তি অধীনে বিজ্ঞাপনদাতার নিকট ডাকযোগে প্রেরণযোগ্য সব বিজ্ঞপ্তি বিজ্ঞাপনদাতা বা তার প্রতিনিধির সর্বশেষ যে ঠিকানা বাণিজ্যিক কার্যক্রমের পরিচালক/সহকারী পরিচালক অবগত আছেন সেই ঠিকানায় প্রেরণ করা হবে এবং এভাবে প্রেরিত যে কোন বিজ্ঞপ্তি ডাকের প্রচলিত নিয়মমাফিক বিজ্ঞাপনদাতা পেয়েছেন বলে ধরে নেয়া হবে।

১৬। পূর্বে সম্পাদিত চুক্তিপত্রের মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত বিজ্ঞাপনের বর্ধিত হার কার্যকর হবে না।